NYC Department of Education

# মিডল্ স্কুল অ্যাডমিশন্স-এ স্বাগতম

## 2019-2020





অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

T&I -30063 (Bengali/Bangla)

# আপনি কীভাবে আবেদন করবেন?

- অক্টোবরের শুরুতে
    - MySchools*-এ আপনার সন্তানের ব্যক্তিকরণকৃত মিডল্ স্কুল আবেদনপত্রটি দেখে নিন।
        - ***MySchools** একই সাথে একটি অনলাইন ডিরেক্টরি এবং আপনার সন্তানের ব্যক্তিকরণকৃত (পার্সনালাইজড্) আবেদনপত্র। আপনার সন্তান যেসব মিডল্ স্কুলে ভর্তি হবার যোগ্য সেই অপশনগুলো এতে অন্তর্ভুক্ত থাকবে।
- 2 ডিসেম্বরের মধ্যে
    - আপনার সন্তানের আবেদনপত্রে 12টি পর্যন্ত কর্মসূচি যোগ করুন এবং আপনার প্রকৃত অগ্রাধিকারক্রম অনুযায়ী সাজান।
- মার্চ
    - 1টি অফার

# আপনি কীভাবে আবেদন করবেন? (অব্যাহত)




- পিতামাতা/অভিভাবকগণ তাদের ব্যক্তিগত ইমেইল ঠিকানা ব্যবহার করে একটি অ্যাকাউন্ট তৈরি করে।
- তাদের অ্যাকাউন্টে একটি সন্তানকে যোগ করতে, তাদের প্রয়োজন হবে:
  - শিক্ষার্থীর ID (OSIS)
  - অ্যাকাউন্ট তৈরির কোড (বাড়িতে ডাকযোগে পাঠানো আমন্ত্রণের চিঠি; এছাড়া এটি বর্তমান স্কুলেও গ্রহণ করা যেতে পারে)

**অ্যাপ্লিকেশনে সহায়তা পাওয়া যাবে আরবি, বাংলা, চাইনিজ, ফরাসি, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ ও উর্দু ভাষায়।**

# আপনার সন্তানের আবেদনপত্র দেখুন এবং পর্যালোচনা করুন

আপনি যখন আবেদনপত্র দেখবেন, **আপনার সন্তান সম্পর্কিত সকল তথ্য পর্যালোচনার বিষয়টি নিশ্চিত করুন:**

- ✓ আপনার সন্তানের ঠিকানাসহ, সকল ব্যক্তিগত তথ্য সঠিক আছে কিনা তা নিশ্চিত করুন।
- ✓ আপনার সন্তানের অ্যাকাডেমিক রেকর্ড সম্পূর্ণ এবং সঠিক আছে কিনা তা নিশ্চিত করুন।

**সাহায্য প্রয়োজন?**

- আপনার স্কুল কাউন্সেলরের সঙ্গে কথা বলুন
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করুন
- আমাদেরকে 718-935-2009 নাম্বারে কল করুন

**আপনার আবেদনপত্রে আপনি যদি ভুল কোন কিছু দেখেন, যথাশীঘ্র আপনার সন্তানের এলিমেন্টারি স্কুলের সাথে যোগাযোগ করুন।**

# আমি কোন্ স্কুলগুলোতে আবেদন করতে পারি?

আপনি যখন MySchools-এ লগ ইন করেন, আপনি বাছাইয়ের জন্য স্কুলগুলির একটি ব্যক্তিকরণকৃত তালিকা পাবেন। আপনার সন্তান যেসকল DOE পাবলিক স্কুলগুলতে আবেদন করতে পারবে সেগুলোর মধ্যে অন্তর্ভুক্ত:

- **আপনাদের জোনভুক্ত স্কুল**
  - আপনার জোনভুক্ত মিডল স্কু ল আেছ কিনা জােনত schools.nyc.gov/Find-a-School দেখুন।
- **ডিস্ট্রিক্টের স্কুলসমূহ**
  - যেসব শিক াথর রা একিট িডিস্ট্রক্টে বসবাস কের ও অনয িডিস্ট্রক্টের স্কু লে পেড়, তাহেল উভয় ডিস্ট্রিক্টে তারা ডিসিট্রক্ট স্কু লগুলোতে আেবদন করেত পারেব।
- **বেরাবয পী স্কুলসমূহ**
- **সিটবয পী স্কুলসমূহ**

*চার্টার স্কুলগুলিতে একটি ভিন্ন ভর্তি প্রক্রিয়া রয়েছে এবং সেটি মিডল্ স্কুল আবেদনের অংশ নয়।*

# আপনার সন্তানের আবেদনপত্রের জন্য স্কুল বাছাই

MySchools-এ আপনার মিডল্ স্কুল বিকল্পসমূহ অনুসন্ধান করুন এবং আপনার আবেদনে কর্মসূচি যোগ করুন।

**কোথায় আবেদন করতে হবে আপনি সেটি কীভাবে বেছে নেবেন?** নিম্নলিখিতগুলো বিবেচনা করুন:

- আপনার সন্তান প্রতিদিন বাড়ি থেকে স্কুলে কীভাবে সেখানে যাতায়াত করবে? যাতায়াতের অবস্থা বোঝা এবং কতক্ষণ সময় লাগবে তা জানার জন্য স্কুল পরিদর্শন করা একটি ভালো উপায়!
- কী কারণে স্কুলটি বৈশিষ্ট্যপূর্ণ? সেখানে কি কোন নির্দিষ্ট অ্যাকাডেমিক কোর্স, ক্লাব, কর্মকাণ্ড অথবা স্পোর্টস্ সুবিধা আছে যা আপনাকে এবং আপনার সন্তানকে আকৃষ্ট করে?
- কতজন শিক্ষার্থী সে স্কুলে পড়ে?

# শিক্ষার্থীরা কীভাবে মিডল্ স্কুল অফার পায়?

- **আবেদনপত্রে পছন্দসমূহ**
  - আপনার সন্তানের আবেদনপত্রে আপনি যেসব প্রোগ্রাম তালিকাভুক্ত করেন **এবং** যে ধারাক্রমে সেটি করেন।
- **ভর্তিতে অগ্রাধিকারসমূহ**
  - আবেদনকারীদের যে গ্রুপের ধারাবাহিকতায় বিবেচনা করা হয়
- **ভর্তি পদ্ধতি**
  - শিক্ষার্থীদেরকে কীভাবে আসনের সাথে মানানসই করা হয়
- **আসন প্রাপ্যতা**
  - আবেদনকারীদের জন্য যে পরিমাণ আসন রয়েছে



# আপনার সন্তানের আবেদনপত্র পূরণ করুন

- আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12টি পর্যন্ত পছন্দ যোগ করুন। কোন স্কুলে একাধিক প্রোগ্রাম থাকলে সে স্কুলটিতে শিক্ষার্থীরা এক বা একাধিক প্রোগ্রামে আবেদন করতে পারে।
- আপনার প্রকৃত অগ্রাধিকারের ভিত্তিতে সেগুলো ধারাক্রমে সাজানোর ব্যাপারটি নিশ্চিত করুন, আপনার সর্বাধিক পছন্দের প্রোগ্রামটিকে #1-এ রেখে।
- পারিবারিক আবেদনসমূহ অ্যাডমিশন্স প্রক্রিয়াকে অগ্রসর করে। আপনার জন্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আপনার সন্তান যে প্রোগ্রামগুলোতে ভর্তি হতে চায় সেগুলো সহ একটি পূর্ণ আবেদন জমা দেয়া।
- 2 **ডিসেম্বর,** 2019-এর মধ্যে আবেদনপত্র জমা দিন।

# আপনার সন্তানের আবেদনপত্র পূরণ করুন

- **পরামর্শ** | আপনার পছন্দের প্রোগ্রামগুলো যোগ করার পর, আপনার আবেদনপত্রে আরো পছন্দ যোগ করা বিবেচনা করুন।
- **পরামর্শ** | আপনি যেসব কর্মসূচিকে আপনার জোনভুক্ত বা চলমান স্কুলের আগে অগ্রাধিকার দিতে চান সেগুলির জোনভুক্ত বা চলমান স্কুলের উপরে রাখুন।
- মনে রাখবেন, আপনার আবেদনপত্র থেকে একটি প্রোগ্রামে যদি আপনি অফার না পান, তবে আপনার ডিস্ট্রিক্ট-এর আসন খালি আছে এমন একটি প্রোগ্রামের সাথে মানানসই করা হবে।

# ভর্তিতে অগ্রাধিকারসমূহ

কিছু স্কুলে, শিক্ষার্থীদেরকে গ্রুপ হিসেবে বিবেচনা করা হয়। প্রথম অগ্রাধিকার গ্রুপের শিক্ষার্থীদেরকে প্রথমে বিবেচনা করা হবে। যদি আসন খালি থাকে, দ্বিতীয় অগ্রাধিকার গ্রুপকে এরপর বিবেচনা করা হবে এবং এভাবে চলবে।







**ভর্তিতে অগ্রাধিকারসমূহ**

1. ডিস্ট্রিক্ট-এ পড়াশোনা এবং/অথবা বসবাসকারী শিক্ষার্থীদের অগ্রাধিকার
2. এরপর ব্রংক্সে পড়াশোনা এবং/অথবা বসবাসকারী শিক্ষার্থীদের

এর অর্থ এই যে, **ডিস্ট্রিক্ট-এ পড়াশোনা এবং/অথবা বসবাসকারী শিক্ষার্থীরা** তাদের আবেদনে এই প্রোগ্রামটি তালিকাভুক্ত করলে, **অন্য ব্রংক্স শিক্ষার্থী** যারা এই প্রোগ্রামটি তাদের আবেদনে তালিকাভুক্ত করেছে, তাদের চেয়ে আগে বিবেচিত হবে।

# ভর্তি পদ্ধতিসমূহ

ভর্তি পদ্ধতি হলো যে উপায়ে প্রোগ্রাম আবেদনকারীদের শূণ্য আসনের জন্য বিবেচনা করে। এইসব ভর্তি পদ্ধতি কোন অ্যাকাডেমিক তথ্য দেখে **না:**

- **জোনভুক্ত**
  - ঠিকানার ভিত্তিতে
- **উন্মুক্ত**
  - নির্বিচারে বাছাই
- **সীমিত অবাছাইকৃত (আনস্ক্রীনড্)**
  - নির্বিচার বাছাই, তবে শিক্ষার্থীরা একটি স্কুল ইভেন্টে স্বাক্ষর করে উচ্চতর অগ্রাধিকারের গ্রুপে স্থান পেতে পারে

**পরামর্শ** | যদি কোন "সীমিত অবাছাইকৃত (আনস্ক্রীনড্)" কর্মসূচিতে আবেদন করেন, তাহলে পরিদর্শন করুন ও স্বাক্ষর করুন।

# ভর্তি পদ্ধতিসমূহ (অব্যাহত)

ভর্তি পদ্ধতি হলো যে উপায়ে প্রোগ্রাম আবেদনকারীদের শূণ্য আসনের জন্য বিবেচনা করে। এইসব ভর্তি পদ্ধতি কোন অ্যাকাডেমিক তথ্য **দেখে:**

- **বাছাইকৃত (স্ক্রীনড্)**
  - স্কুল শিক্ষার্থীদের চতুর্থ গ্রেডে উপস্থিতি, স্টেটের টেস্ট ও গ্রেডের ভিত্তিতে অগ্রাধিকার ক্রম করে। অতিরিক্ত শর্তাবলী থাকতে পারে
- **ভাষার জন্য বাছাইকৃত**
  - শিক্ষার্থীর বাড়ির ভাষা, ভাষায় দক্ষতা, এবং/অথবা US-তে কত বছর ধরে বসবাস করছে, তার উপর ভিত্তি করে।
- **যৌগিক (কম্পজিট) স্কোর**
  - চতুর্থ গ্রেডের রিপোর্ট কার্ড, স্টেটের পরীক্ষা, উপস্থিতি ও আচরণ সবগুলো মিলিয়ে একটি স্কোরের ভিত্তিতে শিক্ষার্থীদের ভর্তি করা হয়।

শিক্ষার্থীদের কীভাবে বেছে নেয়া হয় সেবিষয়ে সর্বশেষ হালনাগাদকৃত তথ্য দেখতে, অনুগ্রহ করে সরাসরি মিডল্ স্কুলের সাথে যোগাযোগ করুন।

# অফারসমূহ এবং অপেক্ষাতালিকা (ওয়েটলিস্ট)

- সকল শিক্ষার্থী মার্চে শুধু একটি মিডল্ স্কুল অফার পাবে।
- এই বছর থেকে শুরু করে, পরিবারেরা মার্চে প্রাপ্ত অফারের পরিবর্তে ভিন্ন অফার পেতে চাইলে তারা অপেক্ষাতালিকা ব্যবহার করতে পারবে।
- যে প্রোগ্রামে শিক্ষার্থীরা অফার পেয়েছে তার চেয়ে উচ্চ নাম্বারে ধারাক্রম হয়েছে যেকোন প্রোগ্রামে(সমূহে), সেটায় তাদেরকে অপেক্ষাতালিকায় স্থলাভিষিক্ত করা হবে।
- MySchools-এ পরিবারেরা তাদেরকে অপেক্ষাতালিকা অন্তর্ভুক্ত করতে পারবে।
- **সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো পরিবারেরা একটি মানসম্পন্ন মিডল্ স্কুল আবেদনপত্র পূরণ করতে পারেন।**
- অপেক্ষাতালিকা সম্পর্কে আরো তথ্য পাবেন মার্চ মাসে পাঠানো আপনার অফারের চিঠির সাথে।

# গুরুত্বপূর্ণ তারিখসমূহ

| | |
|---|---|
| **ফল (হেমন্তকাল)** | **ওপেন হাউস এবং মিডল্ স্কুল ফেয়ারে অংশগ্রহণ করুন**<br>কখন পরিদর্শন করা যাবে, জানতে হলে সরাসরি এসব স্কুলে যোগাযোগ করুন। |
| **অক্টোবরের শুরুতে** | **MySchools-এ মিডল্ স্কুল আবেদনপত্রটি দেখুন** |
| **2 ডিসেম্বর** | **2 ডিসেম্বর, 2019 তারিখের মধ্যে মিডল্ স্কুলে আবেদন করুন** |
| **মার্চ** | **আপনার সন্তানের মিডল স্কুল অফার পাবেন** |

# রিসোর্সসমূহ

## আরও জানুন

- 2019 NYC মিডল্ স্কুল ডিরেক্টরি |myschools.nyc
- মিডল্ স্কুলে অ্যাডমিশন্স্ ইমেইল নিউজলেটার |schools.nyc.gov/Connect
- আপনার জোনভুক্ত স্কুল |schools.nyc.gov/Find-a-School

## আপনার আবেদনে সহায়তা নিন

- আপনার স্কুল কাউন্সেলর
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার ভিজিট করুন |schools.nyc.gov/WelcomeCenters
- অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট |718-935-2009